গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

নভেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব ইফতেখার ইউনুস, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ১৫/১১/২০২১ খ্রি., বেলা ১০.৩০ টা
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে চলাসহ আইন শৃঙ্খলা রক্ষার সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ সভাপতি সকলের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া।
২	উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ঃ সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, ২৮/১১/২০২১ খ্রি. তারিখে ১৩ টি ইউনিয়নে সুষ্ঠ পরিবেশে ও নিরপেক্ষ নির্বাচন করতে হবে। এ সহযোগিতাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদানে জনপ্রতিনিধিদের আহ্বান জানান। চেয়ারম্যান, চন্দ্রঘোনা কদমতলী ইউ,পি জানান, নির্বাচনকালীন সময়ে একটি মহল আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত করার অপপ্রচেষ্টায় লিপ্ত রয়েছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আর্কষণ করেন। আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিস্তারিত আলোচনায় অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানার উপস্থিত প্রতিনিধি জানান, রাঙ্গুনিয়া উপজেলা ১৫৮ টি পূজা মন্ডপ ছিল। শারদীয় দুর্গাপূজা এবং ঈদে মিলাদুন্নবী একই সময়ে উদ্‌যাপিত হলেও কোন সহিংস ঘটনা ঘটে নাই। রাঙ্গুনিয়া উপজেলায় ১১৮ টি ভোট কেন্দ্র রয়েছে। নির্বাচন উপলক্ষ্যে যাতে কোন সহিংস ঘটনা না ঘটে পুলিশ বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং আইন শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। প্রত্যেকটি ভোট কেন্দ্রে আইন-শৃংখলা রক্ষায় পর্যাপ্ত পুলিশ ফোর্স থাকবে। নির্বাচনকালীন সময়ে আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশ বিভাগ সতর্কতার সহিত আইন-শৃঙ্খলা রক্ষার কার্যক্রম চালিয়ে যাবে। আইন শৃঙ্খলা রক্ষা কার্যক্রমে জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করে অক্টোবর-২০২১ মাসের অপরাধ চিত্র পেশ করা হয়।	১) ওয়ারেন্টভুক্ত আসামীদের আইনের আওতায় আনা, উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ নির্বাচনকালীন সময়ে যাতে আইন শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ২) নির্বাচনকালীন সময়ে নির্বাচনের আচরণবিধি মেনে চলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন, অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম ও সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধি।

ক্রঃনং	বিবরন	সংখ্যা
১	ধর্ষণ	১
২	সড়ক দুর্ঘটনা	২
৩	নারী ও শিশু নির্যাতন	২
৪	মাদক	৯
৫	অন্যান্য	১৭
	সর্বমোট	৩১

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২	সভাপতি নির্বাচনকালীন সময়ে উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে নির্দেশনা দেন এবং নির্বাচন নিয়ে যাতে কোন সহিংস ঘটনা না ঘটে সে বিষয়ে সার্বক্ষণিক নজরদারি রেখে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত হওয়ার সম্ভাবনা দেখা মাত্র উপজেলা নির্বাহী অফিসার/অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা থানাকে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।		
৩	মাদক/ইয়াবা সংক্রান্ত ঃ সভাপতি মাদক ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি মাদক ব্যবসার সহিত জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে অনুরোধ করেন এবং এ বিষয়ে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিদিদের আহ্বান জানান।	মাদক-ইয়াবা ব্যবসায়ী এবং চুরি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম ও জনপ্রতিনিধিগণ।
৪	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ঃ সভাপতি উপজেলার নারী ও শিশু নির্যাতন কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, উপজেলায় যাতে নারী ও শিশু নির্যাতনের স্বীকার হয় এমন ঘটনা না ঘটে সে বিষয়ে সর্বদা সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সকল জনপ্রতিনিধিদের আহ্বান জানান এবং যে কোন নারী-শিশু নির্যাতনের স্বীকার হলে যাতে আইনী সহায়তা পায় সে বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাসহ সকল জনপ্রতিনিধিদের আহ্বান জানান।	নারী ও শিশু নির্যাতনের স্বীকার ভুক্তভোগীরা যাতে আইনী সহায়তা পায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ।
৫	কোভিড-১৯ করোনা ভাইরাস এবং টিকা প্রদান সংক্রান্ত ঃ সভাপতি কোভিড-১৯ করোনা ভাইরাস টিকা প্রদান কার্যক্রম সম্পর্কে জানানোর আহ্বান জানালে সভায় প্রতিনিধি জানান, টিকা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। কর্তৃপক্ষের নির্দেশনা মতে স্বাস্থ্য বিভাগ কর্তৃক টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে এবং কোভিড-১৯ আক্রান্তের প্রতিরোধ বিষয়ে "নো মাস্ক নো সার্ভিস" কার্যক্রম অব্যাহত আছে।	বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নসহ স্বাস্থ্যবিধি মেনে চলা, মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করা এবং টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।
	ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত ঃ সভাপতি জানান, অবৈধ ভাবে পাহাড় কাটা, বালু উত্তোলনকারী /ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে। তিনি ভ্রাম্যমান আদালত চলাকালে আইন-শৃঙ্খলা রক্ষায় সকলের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।	ভ্রাম্যমান আদালত কার্যক্রম অব্যাহত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, ইউ,পি নির্বাচন-২০২১ নির্বাচনকালীন সময়ে যাতে আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি না হয় এবং রাঙ্গুনিয়া উপজেলার সুষ্ঠু ও নিপেক্ষ নির্বাচন কার্যক্রম সম্পন্ন হয় সে বিষয়ে প্রশাসনকে সকল ধরণের সার্বিক সহযোগিতা করার জন্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীসহ সকল জনপ্রতিনিধিদের আহ্বান জানান।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নসহ নির্বাচনের আচরণবিধি মেনে চলাসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১০/২০২

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ইমেইলঃ unorangunia@mopa.gov.bd

CamScanner

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২১-৯৮১

তারিখ: ৩০ কার্তিক, ১৪২৮ বাংলা
১৫ নভেম্বর, ২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি. মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা .... কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব .... রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। অফিস নথি।

১৫/১১/২০২১

ইকবাল হোসেন ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং: [illegible]
ইমেইল: unorangunia@mopa.gov.bd

CamScanner